## মৌসুমী বন্যা এবং বৃষ্টিপাতের জরুরী তথ্য (১৬ অক্টোবর, ২০২৪ খ্রি: সকাল ১১:৩০ টা)

**দেশের সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।**

**বিগত ২৪ ঘণ্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):** নেই।

**বিগত ২৪ ঘণ্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):** নেই।

### রংপুর বিভাগ:

•রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০১ দিন ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল ধীর গতিতে হ্রাস পেতে পারে, পরবর্তী ২ দিন স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তী ০২ দিন হ্রাস পেতে পারে।

•রংপুর বিভাগের দুধকুমার ও ধরলা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে তিস্তা নদীর পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৩ দিন তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানিসমতল হ্রাস পেতে পারে।

### রাজশাহী বিভাগ:

•রাজশাহী বিভাগের গঙ্গা নদী এবং তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৫ দিন নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

### সিলেট বিভাগ:

•সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা নাই। যার প্রেক্ষিতে আগামী ০৩ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

•সিলেট বিভাগের অন্যান্য প্রধান নদীসমূহ—মনু, ধলাই, খোয়াই, সারিগোয়াইন ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ৩ দিন মনু, খোয়াই, সারিগোয়াইন, যাদুকাটা ও ধলাই নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

## ময়মনসিংহ বিভাগ:

•ময়মনসিংহ বিভাগের জিঞ্জিরাম, সোমেশ্বরী, ভুগাই-কংস নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন ময়মনসিংহ বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) বৃষ্টিপাতের প্রবণতা নাই। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন পর্যন্ত জিঞ্জিরাম, ভুগাই-কংস ও সোমেশ্বরী নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

## চট্টগ্রাম বিভাগ:

•চট্টগ্রাম বিভাগের ফেনী, গোমতী ও সাঙ্গু নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে মুহুরী, হালদা ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতিভারী বৃষ্টিপাতের (>৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা নাই। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন চট্টগ্রাম বিভাগের গোমতী, মুহুরী, মাতামুহুরী, ফেনী, হালদা ও সাঙ্গু ইত্যাদি নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

## বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহ:

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী, দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি বর্তমানে নিম্নচাপ আকারে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করছে। তবে নিম্নচাপটি বাংলাদেশ উপকূল হতে দূরবর্তী হওয়ায়, আগামী ০৩ দিন পর্যন্ত বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক জোয়ার পরিলক্ষিত হতে পারে।

**বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র**
**বাপাউবো, ঢাকা।**